



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/সিলেট-০৪/

২২০৮

তারিখঃ ২৫.০৬.২০১৮খ্রিঃ

বিষয়ঃ স্বপদে পুনর্বহাল পূর্বক বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং-বামাশিবো/প্রশাসন/সিলেট-০৪/২৮৭৪; তারিখঃ ২৬.০৪.২০১৮খ্রিঃ
২) রিট পিটিশন নং-২২৮৫/২০১৮ এর ০৩.০৪.২০১৮খ্রিঃ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার কানাইঘাট উপজেলাধীন সড়কের বাজার আহমদিয়া আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আব্দুছ ছমি স্বপদে পুনর্বহাল পূর্বক বকেয়া বেতন-ভাতাসহ অধ্যক্ষ হিসেবে যোগদানের সদয় নির্দেশ প্রদানের আবেদন দাখিল করেন।

পরবর্তীতে একই বিষয়ে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ২২৮৫/২০১৮ দায়ের করেন। রিট পিটিশন নং- ২২৮৫/২০১৮ দায়ের এর প্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট গত ০৩.০৪.২০১৮খ্রিঃ তারিখে অত্র বোর্ডকে অধ্যক্ষের উল্লিখিত আবেদনটি ৬০ (ষাট) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য আদেশ জারি করেন। সৃষ্ট জটিলতা নিরসনকল্পে আগামী ১৬/০৫/২০১৮খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে উপস্থিত হয়ে শুনানীতে অংশগ্রহণ পূর্বক অধ্যক্ষ মো: আব্দুছ ছমি এর আবেদনের বিষয়ে স্ব-স্ব দাবীর পক্ষে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত ও মৌখিক বক্তব্য দাখিল করার জন্য সভাপতি, ভারপ্রাপ্ত অধ্যক্ষকে সূত্রে উল্লিখিত স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে সভাপতি শুনানীতে উপস্থিত হন নাই এবং ভারপ্রাপ্ত অধ্যক্ষ উপস্থিত হলেও আবেদন বিষয়ে কোন কাগজপত্র সঞ্চে আনেননি। অপরদিকে অধ্যক্ষ মো: আব্দুছ ছমি কর্তৃক দাখিলকৃত কাগজপত্র এবং অত্র বোর্ডে রক্ষিত মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, অধ্যক্ষকে বরখাস্তকরণ প্রক্রিয়া বিধি সম্মত হয়নি।

যেহেতু অধ্যক্ষকে বরখাস্তকরণ প্রক্রিয়া বিধি সম্মত হয়নি বিধায় মো: আব্দুছ ছমি অধ্যক্ষ হিসেবে বহাল রয়েছেন মর্মে গন্য হবে। বিষয়টি সংশ্লিষ্ট সকলকে জানিয়ে দেয়া হলো।

প্রফেসর মোঃ মজিবুর রহমান
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)
ও রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

- প্রাপকঃ ১) সভাপতি, সড়কের বাজার আহমদিয়া আলিম মাদ্রাসা, কানাইঘাট, সিলেট।
২) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সড়কের বাজার আহমদিয়া আলিম মাদ্রাসা, কানাইঘাট, সিলেট।

নং-বামাশিবো/প্রশাসন/সিলেট-০৪/

তারিখঃ .০৬.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, কানাইঘাট, সিলেট।
২. জেলা শিক্ষা অফিসার, সিলেট।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কানাইঘাট, সিলেট।
৪. জনাব মো: আব্দুছ ছমি, অধ্যক্ষ, সড়কের বাজার আহমদিয়া আলিম মাদ্রাসা, কানাইঘাট, সিলেট ও রিট পিটিশন নং- ২২৮৫/২০১৮ এর বাদী।
৫. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪